

মতিঝিল সরকারী
বালিকা বিদ্যালয়ে
প্রতিভা বিকাশ
কার্যক্রম

মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়ে প্রতিভা বিকাশ কার্যক্রমের অংশ হিসেবে গত বুধসপ্তিমবার একটি দেয়াল পত্রিকা প্রতিযোগিতা ও প্রদর্শনীর আয়োজন করা হয়। বিদ্যালয়ের প্রভাতী ও দিবা শাখা হতে ৪৫০ জন ছাত্রী প্রতিযোগিতায় অংশ নেয়।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দিবা শাখার ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণী এবং প্রভাতী শাখার ৫ম হতে ১০ম শ্রেণীর প্রতি শ্রেণীতে ৩ জন করে মোট ৩৩ জন ছাত্রীকে পুরস্কৃত করা হয়।

প্রতিযোগিতায় শ্রেণী ভিত্তিতে যারা প্রথম হয়েছে তারা হচ্ছে দিবা শাখার ১০ম শ্রেণীর ফাতেমা জেসমিন-পত্রিকার নাম (প্রভাতী), ৯ম শ্রেণীর শেখ ডিখারুল্লাহ (পৃথিবী), ৮ম শ্রেণীর মুনیرা বাশার (উদয়ন), ৭ম শ্রেণীর ফারহানা আহমেদ (পায়রা), ৬ষ্ঠ শ্রেণীর তারানা ইয়াসমিন (অনির্বাণ)। প্রভাতী শাখার যারা প্রথম হয়েছে তারা হচ্ছে ১০ম শ্রেণীর সীমা দে (জাগরণ), ৯ম শ্রেণীর সামিয়া বিল্লাহ (রংগীন), ৮ম শ্রেণীর রুকসানা আক্তার (তটিনী), ৭ম শ্রেণীর আরমিন ওলশান আরা (নেখাত), ৬ষ্ঠ শ্রেণীর নাফিসা হোসেন (সোপান), ৫ম শ্রেণীর নাসিরা দৌলা (প্রবেশ)।

এছাড়া, বিদ্যালয়ের ৩টি গ্রুপের ৫ জন করে মোট ১৫ জন প্রতিযোগীকে পুরস্কৃত করা হবে এবং সকল অংশগ্রহণকারীকে সার্টিফিকেট দেয়া হবে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা মহা-পরিচালক ডঃ মোজাম্মেল হক। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা প্রধান শিক্ষিকা মিসেস কাজী জাহানারা খান, জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক ফজলে রাবী, শিশু একাডেমীর চেয়ারম্যান ডঃ আনোয়ারা মনসুর, শিক্ষাবিদ আবদুল্লাহ আবু সামাদ এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মিসেস সাহেদারা বেগম অনুষ্ঠানে বক্তৃতা করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন শিক্ষিকা মিসেস জান্নাত আরা ফেরদৌস।- তথ্য বিবরণী।

24